# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩৬০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২. দ্বিতীয় অনুচ্ছেদ - জুমু‘আর সালাত

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْتَمِسُوا السَّاعَةَ الَّتِي تُرْجَى فِي يَوْمِ الْجُمُعَةِ بَعْدَ الْعَصْرِ إِلَى غَيْبُوبَةِ الشَّمْسِ» . رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

১৩৬০-[৭] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি জুমু’আর দিন দু’আ কবূল হবার সময়টির আকাঙ্ক্ষা করে, সে যেন ’আসরের পরে সূর্য অস্ত যাওয়া পর্যন্ত সময় খোঁজে। (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] হাসান লিগায়রিহী : আত্ তিরমিযী ৪৮৯, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ২৫৮৩, সহীহ আত্ তারগীব ৭০১, সহীহ আল জামি‘ ১২৩৭।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (بَعْدَ الْعَصْرِ إِلى غَيْبُوبَةِ الشَّمْسِ) এটি ‘আবদুল্লাহ ইবনু সালাম (রাঃ)-এর কথাই সুদৃঢ় করছে, আর তা প্রমাণ করে যে, নিশ্চয়ই উক্ত সময় দ্বারা উদ্দেশ্য হলো, ‘আসরের পর শেষ সময়।

আবূ সা‘ঈদ (রাঃ) থেকে মারফূ‘ভাবে বর্ণিত রয়েছে যে, তোমরা তা ‘আসরের পর অনুসন্ধান করো।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55920

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন